

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৬৪

১/ বিবিধ

আরবী

ما من مسلم ينظر إلى امرأة أول نظرة ثم يغض بصره إلا أحدث الله له عبادة يجد  
حلوتها  
ضعيف جدا

رواه أحمد (5/264) والروياني في "مسنده" (30/218/2) والأصبهاني في "الترغيب"  
" (292/2) عن عبيد الله بن زحر عن علي بن يزيد عن القاسم عن أبي أمامة مرفوعا  
قلت: وهذا سند واه جدا، قال ابن حبان (2/62 - 63)  
" عبيد الله بن زحر منكر الحديث جدا، يروي الموضوعات عن الأثبات، وإذا روى  
عن علي بن يزيد أتى بالطامات، وإذا اجتمع في إسناد خبر عبد الله وعلى بن يزيد  
والقاسم أبو عبد الرحمن، لم يكن ذلك الخبر إلا مما عملته أيديهم  
وقال الذهبي في "الضعفاء"  
له صحيفة غرائب، عن علي بن يزيد، ليس بحجة  
وقال في ترجمة "علي بن يزيد" وهو الألهاني  
قال النسائي والدارقطني: مترون  
وقد أشار المنذري في "الترغيب" (3/63) إلى تضعيف هذا الحديث وقال  
رواه أحمد والطبراني والبيهقي، وقال: إن صح

১০৬৪। যে মুসলিম ব্যক্তিই কোন নারীর দিকে প্রথম দৃষ্টি দিবে অতঃপর তার দৃষ্টিকে নীচু করে নিবে আল্লাহ তাআলা তার জন্য এমন একটি ইবাদাত চালু করে দিবেন যার মিষ্টতা সে গ্রহণ করবে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটিকে ইমাম আহমাদ (৫/২৬৪), রংতাইয়ানী তার "মুসনাদ" গ্রন্থে (৩০/২১৮/২) এবং আসবাহানী (আত-তারগীব" গ্রন্থে (২/২৯২) ওবাইদুল্লাহ ইবনু যাহার হতে, তিনি আলী ইবনু ইয়ায়ীদ হতে, তিনি আল-কাসেম হতে, তিনি আবু উমামাহ হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। ইবনু হিকান (২/৬২-৬৩) বলেনঃ ওবাইদুল্লাহ ইবনু যাহার খুবই মুনকারল হাদীস। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাণোয়াট হাদীস বর্ণনাকারী। যখন তিনি আলী ইবনু ইয়ায়ীদ হতে বর্ণনা করেছেন, তখন বিপদ নিয়ে এসেছেন। যখন কোন হাদীসের সনদে আব্দুল্লাহ, আলী ইবনু ইয়ায়ীদ ও আল-কাসেম আবু আবদির রহমান একত্রিত হবে, তখন সেই হাদীসটি তাদের হাতের তৈরি ছাড়া আর কিছুই নয়।

হাফিয় যাহাবী "আয়-যুয়াফা" গ্রন্থে বলেনঃ আলী ইবনু ইয়ায়ীদ হতে তার গারীবগুলোর একটি পাওলিপি রয়েছে। সেটি দলীল হতে পারে না। তিনি (যাহাবী) আলী ইবনু ইয়ায়ীদের আলহানীর জীবনীতে বলেনঃ নাসাই ও দারাকুতনী বলেছেনঃ তিনি মাতৃক।

মুনয়েরী "আত-তারগীব" (৩/৬৩) গ্রন্থে হাদীসটি দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: যদ্দেশ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71943>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন